

# শিক্ষার্থী কম হলেই স্কুল একীভূত নয়: গণশিক্ষা সচিব



মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে সংবাদ সম্মেলন। ছবি-সমকাল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৫ জুন ২০২৪ | ২৩:৫৯



কোনো স্কুলে শিক্ষার্থী কম হলেই সেটিকে পার্শ্ববর্তী স্কুলের সঙ্গে একীভূত করা হবে না বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব ফরিদ আহাম্মদ। মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৪ উদযাপন উপলক্ষে সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

সচিব বলেন, ১৫০টির মতো স্কুলে শিক্ষার্থীর সংখ্যা ১০ থেকে ৫০ জনের মধ্যে সীমাবদ্ধ আছে। আমরা হঠাৎ করে এসব স্কুল বন্ধ করে দেব না, একীভূতও করব না। যেমন, রাঙামাটিতে একটি স্কুল আছে, যেটা ১০ থেকে ২০ জন শিক্ষার্থী নিয়ে ১৫ বছর ধরে চলছে। কিন্তু আশপাশের সাত থেকে আট কিলোমিটারের মধ্যে কোনো স্কুল নেই। এ কারণে স্কুলটি একীভূত করা হবে না। আবার কোনো কোনো জায়গায় রাস্তার এপারে স্কুল আছে, বিপরীত পাশে ৫০০ গজের মধ্যে আরেকটা স্কুল আছে। যদি এসব স্কুলে ১০ থেকে ১২ জন শিক্ষার্থী থাকে, তাহলে আধা কিলোমিটারের মধ্যে ২০০ জনের মতো শিক্ষার্থী আছে এমন স্কুলের সঙ্গে একীভূত করা হবে। অংশীজনের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত হবে।

এক প্রশ্নের জবাবে সচিব বলেন, ২০১০ সালের শিক্ষানীতিতে বলা আছে, প্রাথমিক শিক্ষা হবে অষ্টম শ্রেণি পর্যন্ত। ২০১৭ সালের পর এই সিদ্ধান্ত বাস্তবায়ন শুরু হয়। ইতোমধ্যে ৬৯৫টি প্রাথমিকে অষ্টম শ্রেণি পর্যন্ত চালু করা হয়েছে। আরও ১৫৪টি বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত চালু করা সম্ভব। এ ছাড়া আগামী তিন বছরের মধ্যে ১ হাজার বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত চালু করা যাবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, আগামীকাল বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রাথমিক শিক্ষা পদক প্রদান করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতীয় পর্যায়ে ব্যক্তি, প্রতিষ্ঠান ও শিক্ষার্থী এই তিন ক্ষেত্রে মোট ১৮ ক্যাটেগরিতে ১২৬ জন শিক্ষক-শিক্ষার্থী ও বিদ্যোৎসাহীকে দেওয়া হবে এ পদক। এবারের জাতীয় প্রাথমিক শিক্ষা দিবসের প্রতিপাদ্য ‘শিশুবান্ধব প্রাথমিক শিক্ষা, স্মার্ট বাংলাদেশের দীক্ষা’।

